খেলা

আজকাল কলকাতা সোমবার ১২ অক্টোবর ২০২৬

অনূর্ধ্ব ১৭ এশিয়ান কাপে ভারতের মেয়েরা

জয়ের হ্যাটট্রিক করে অনূর্ধ্ব ১৭ এশিয়ান কাপ ফুটবলে খেলার ছাড়পত্র পেল ভারতীয় মহিলা দল। যোগ্যতা অর্জন পর্বের শেষ ম্যাচে মালয়েশিয়াকে ৪–০ হারাল তারা। গোলগুলি করেছেন রিদিমা চিংখামায়ুম, প্রীতিকা বর্মন, অনুষ্কা কুমারী এবং নিধি।

গুয়াহাটি পাড়ি বাগানের, গেলেন না ম্যাকলারেন-কিয়ান

পাহাড়ে ভাল শুরুর খোঁজ

আজকালের প্রতিবেদন

শহরজুড়ে এখন উৎসবের আমেজ। সেজে উঠছে তিলোত্তমার অলি-গলি। সেই আনন্দে, উৎসবে গা ভাসানোর অবকাশ মোহনবাগানের নেই। আইএফএ শিল্ড জয় অতীত। এবার মিশন আইএসএল। শুরুতেই কঠিন পরীক্ষা। পরপর দুটি অ্যাওয়ে ম্যাচ। প্রথমটি সোমবার গুয়াহাটির ইন্দিরা গান্ধী স্টেডিয়ামে। নর্থইস্ট ইউনাইটেডের বিরুদ্ধে আইএসএলে অভিযান শুরু করবে সবুজ-মেরুন ব্রিগেড। তারজন্য রবিবার সকালে শহরে শেষ মহড়া সারেন লি আরউইনরা। দুপুরের বিমানে গুয়াহাটি পৌঁছয় দল।

শিল্ডে গ্রুপ পর্বের ম্যাচে নর্থইস্টের বিরুদ্ধে চোট পেয়েছিলেন জেমি ম্যাকলারেন। তিনি এখনও পুরোপুরি সুস্থ না হওয়ায় অসি তারকাকে ছাড়াই গুয়াহাটি গেল বাগান। সূত্রের খবর, দ্বিতীয় ম্যাচের আগে সরাসরি দিল্লিতে দলের সঙ্গে তিনি যোগ দিতে পারেন। শারীরিক অসুস্থতার কারণে কিয়ান নাসিরিও সফরকারী দলে ছিলেন না। ডুরান্ড কাপের পর আইএফএ শিল্ড, পেদ্রো বেনালির দলের বিরুদ্ধে ইতিমধ্যেই দু'বার খেলেছে সবুজ-মেরুন ব্রিগেড। দুটি ম্যাচই অমীমাংসিত ভাবে শেষ হয়। চলতি মরশুমে আলাদিন আজারে, জিতিন এমএসদের বিরুদ্ধে তৃতীয় সাক্ষাতের আগে বাগান কোচ পানাগিওটিস ডিম্পেরিস বলেন, 'ডুরান্ডে যখন খেলেছিলাম, সেইসময় শিলংয়ে প্রচুর বৃষ্টি হয়েছিল। পেনাল্টি শুটআউটে ম্যাচের ফয়সালা হয়। শিল্ডের ম্যাচে নর্থইস্ট প্রথম পছন্দের ফুটবলারদের শুরু থেকে খেলায়নি। আমরাও কয়েকজনকে পাইনি। ওরা কী করতে পারে, সেটা আন্দাজ করতে পারছি। একই কথা ওদের ক্ষেত্রেও প্রযোজ্য।' আইএসএলের জন্য দল কতটা তৈরি, সেই নিয়ে গ্রিক কোচের কথায়, '৪-২-৩-১ ও ৩-৪-৩, এই দুটি ফর্মেশনে আমরা শেষ দুটি প্রতিযোগিতায় খেলেছি। খেলোয়াড়রাও দুটি সিস্টেমের সঙ্গে মানিয়ে নেওয়ার সুযোগ পেয়েছে। মনে হচ্ছে, প্রতিযোগিতামূলক ম্যাচগুলির অভিজ্ঞতা আইএসএলে কাজে লাগবে।'

প্রচুর ম্যাচ খেলায় একদিকে যেমন ফিটনেসে উন্নতি হয়েছে, তেমনই আইএসএল শুরুর আগে বাগান ফুটবলারদের মধ্যে ক্লান্তিও কাজ করছে। তাই ওয়ার্কলোড ম্যানেজমেন্টের ওপর জোর দিচ্ছে বাগানের থিঙ্কট্যাঙ্ক। ৯০ মিনিট খেলার মতো অবস্থায় অনেকেই নেই। আলবার্তো রডরিগেজ, সামির জেলকোভিচ, মিগেল ফিগেরা এবং আরউইন, এই চার বিদেশিকে শুরু থেকে খেলানো হতে পারে। খেলার মতো অবস্থায় থাকলেও দেজান দ্রাজিচের মাথায় এখনও ব্যান্ডেজ বাঁধা। এই ম্যাচে তাঁকে নিয়ে বাড়তি ঝুঁকি হয়তো নেওয়া হবে না। প্রথম একাদশে লিস্টন কোলাসো এবং আপুইয়া ফিরতে পারেন।



গুয়াহাটিতে পৌঁছে চনমনে অনিরুদ্ধ থাপা, মেহতাব সিং এবং মনবীর সিং। ছবি: মোহনবাগান

INDIAN SUPER LEAGUE
ALL INDIA FOOTBALL FEDERATION

আজ

আইএসএলে

নর্থইস্ট

বনাম

মোহনবাগান

সন্ধে ৭-৩০

সোনি স্পোর্টস

বিদেশি নিয়ে দ্বিধায় হাবাস

আজকালের প্রতিবেদন

ইস্টবেঙ্গল কোচ আন্তোনিও লোপেজ হাবাসের যাবতীয় ফোকাস মঙ্গলবারের এসিএল টু-র ম্যাচে। শারদীয়ার আমেজের মাঝেই ইস্টবেঙ্গল যুবভারতীতে নামবে আল শোর্তার বিরুদ্ধে। প্রতিপক্ষের শেষ কয়েকটি ম্যাচের বেশ কিছু ভিডিও জোগাড় করেছেন ইস্টবেঙ্গল কোচ। রবিবার রাজারহাটের মাঠে অনুশীলনের আগে দীর্ঘ টিম মিটিংয়ে সেই ভিডিও ক্লিপিংস দেখিয়েই প্রতিপক্ষের শক্তি-দুর্বলতা নিয়ে ফুটবলারদের অবগত করলেন হাবাস।

এসিএল টু-র ম্যাচে বিদেশি খেলানোর কোনও বিধিনিষেধ নেই। হাবাসের হাতে রয়েছেন ৬ জন ফিট বিদেশি। তাঁদের মধ্যে ক'জনকে প্রথম একাদশে ব্যবহার করবেন কোচ? অন্য কেউ হলে বিদেশিদের প্রাধান্য দিতেন। কিন্তু হাবাসের কাছে পারফরমেন্সই শেষ কথা। ক্রিস ইকোনোমিডিসের খেলা পাতে দেওয়ার মতো নয়। ভারতীয় দলের বিরুদ্ধেই যে নিজেকে মেলে ধরতে পারছেন না, সে বিদেশি দলের বিরুদ্ধে কি খেলবেন?

দুই নবাগত বিদেশি আকে লোবা এবং লুকাস জোলিনস্কি ডার্বিতে নেমেছিলেন পরিবর্ত হিসেবে। লোবাকে নিয়ে বলার মতো কিছু হয়নি। কিন্তু লুকাস প্রতিটা লং বল অন্তত ফলো করার চেষ্টা করেছেন। কিন্তু দু'জনেরই ফিটনেসের অভাব রয়েছে। তাই এই তিন বিদেশিকে আদৌ প্রথম একাদশে রাখা হবে কি না, তা নিয়ে প্রশ্ন রয়েছে। পাঁচ ডিফেন্ডার নিয়ে দল সাজাতে পারেন হাবাস। জিভুলিচ, আনোয়ার, লালচুংনুঙ্গা, জয় এবং হার্দিককে খেলিয়ে রক্ষণ শক্তপোক্ত রাখতে চান। মাঝমাঠে রশিদ, জিকসন এবং ড্যানি। যা আভাস, তাতে আক্রমণে ডেভিড এবং এডমান্ডকে একসঙ্গে খেলতে দেখা যেতে পারে। চূড়ান্ত সিদ্ধান্ত সোমবার অনুশীলনে। আল শোর্তার কোচ জানিয়েছেন, গরম এবং আর্দ্রতার সঙ্গে মানিয়ে নিতে দলের সমস্যা হচ্ছে। এই নিয়ে রবিবার ইস্টবেঙ্গল কোচ বলে গেলেন, 'আমাদেরও বিদেশে খেলতে গেলে নানা সমস্যা হয়। সেটা মানিয়ে নিয়ে খেলতে হবে। ওরা আমাদের সম্পর্কে সব তথ্য নিয়েই খেলতে এসেছে। আমরাও ওদের বিরুদ্ধে নামার জন্য তৈরি।'

কলকাতায় এসে একের পর এক সমস্যায় পড়ছে আল শোর্তা। বিমানে হারানো লাগেজ রবিবার ফেরত পেলেও ভাষা সমস্যায় বেশ ভুগতে হচ্ছে তাদের। সূত্রের খবর, কারেন্সি বদল না করায় হোটেলের বিল মেটাতেও জটিলতা তৈরি হয়। সমাধান সূত্র পেতে যোগাযোগ করতে হয় দূতাবাসে।





সালিবার চুল ধরে টানার মুহূর্ত। রেফারি লাল কার্ড দেখানোর পর তেড়ে যাচ্ছেন ভিনিসিয়াস।

ভিনিসিয়াসকে লাল কার্ড, বিতর্ক

আজকালের প্রতিবেদন

অক্টোবরের শুরুতেই ব্রাজিলের জার্সি গায়ে কলকাতায় খেলে গিয়েছেন ভিনিসিয়াস জুনিয়র। সেই ম্যাচের সবে এক সপ্তাহ কেটেছে। তারপর ক্লাব ফুটবলে ফিরেই বিতর্কে জড়ালেন সাম্বা ফুটবলের নতুন পোস্টার-বয়। শনিবার ভারতীয় সময় মধ্যরাতে রিয়েল মাদ্রিদের হয়ে লা লিগায় নেমে বিপক্ষের ফুটবলারের চুল টেনে লাল কার্ড দেখলেন ভিনি। এরপর রেফারির সঙ্গে তর্কাতর্কিও করেন বহুক্ষণ। পরিস্থিতি বেগতিক দেখে সতীর্থরা কোনওরকমে পাঁজাকোলা করে তাঁকে সরিয়ে নিয়ে যান।

শনিবার লা লিগায় রিয়েলের মুখোমুখি হয়েছিল ভিয়ারিয়েল। আর পাঁচটা সাধারণ ম্যাচের মতোই খেলা হচ্ছিল। প্রথমার্ধ গোলশূন্য ছিল। ৬৩ মিনিটে ফেডেরিকো ভালভার্দের পাস থেকে ইয়ান দিওমান্দে গোল করে রিয়েল মাদ্রিদকে এগিয়ে দেন। তার আগে পরিবর্ত হিসেবে মাঠে নেমেছিলেন ভিনিসিয়াস। ৭০ মিনিট নাগাদ বড় ভুল করে বসেন তিনি। সতীর্থ জুড বেলিংহ্যামকে পাস বাড়িয়ে সামনে থাকা ভিয়ারিয়েলের ফুটবলার নাথান সালিবার চুল ধরে হ্যাঁচকা টান মারেন। সেই ঘটনার সুযোগ নিয়ে মাঝমাঠ থেকে টানা দৌড়ে বেলিংহ্যাম বল নিয়ে পৌঁছে যান বিপক্ষের গোলের কাছে। ভিনিকে দিয়ে গোলও করান। ২-০ এগিয়ে যাওয়ার খুশিতে রিয়েল মাদ্রিদ যখন সেলিব্রেশনে ব্যস্ত, তখনই রেফারি ভিএআরের সাহায্য নিয়ে ভিনিসিয়াসকে সরাসরি লাল কার্ড দেখান। গোলও বাতিল করেন। রাগের মাথায় রেফারিকে দু-চার কথা শুনিয়েও দেন ভিনি। লাল কার্ডের কারণে পরের ম্যাচ এমনিতেই খেলতে পারবেন না তিনি। রেফারির রিপোর্টের ওপর ভিত্তি করে ভিনির একাধিক ম্যাচ নির্বাসণ হতে পারে। তাই লা লিগায় প্রথম এল ক্লাসিকোতে ব্রাজিলীয় তারকার খেলা নিয়ে সংশয় তৈরি হয়েছে।

রবিবার ইপিএলে লিভারপুলকে ৩-০ হারাল ম্যাঞ্চেস্টার সিটি। অ্যানফিল্ডে ৬২ মিনিটে রায়ান গ্রাভেনবার্চ দ্বিতীয় হলুদ কার্ড দেখে মাঠ ছাড়ায় বাকি সময় ১০ জনে খেলে লিভারপুল। সেই সুযোগ কাজে লাগায় ম্যান সিটি। আর্লিং হালান্ড (৬৫ মিনিট), জেরেমি ডোকু (৬৮ মিনিট) ও রায়ান চেরকি (৭৮) গোল করেন। ৬ ম্যাচের সবকটি জিতে লিগশীর্ষে থাকল ম্যান সিটি (১৮)। শনিবার, ফরাসি লিগে লে ম্যানস এফসি-কে ৩-১ ফলে হারাল প্যারিস সাঁ জাঁ।



জোড়া গোলের উচ্ছ্বাস। হাসছেন মেসি। ছবি: এএফপি

মেসি-সুয়ারেজের জোড়ায় জয়ী মায়ামি

আজকালের প্রতিবেদন: মেজর লিগ সকারে দুর্দান্ত জয় ইন্টার মায়ামির। ৪-০ ফলে তারা হারাল ডিসি ইউনাইটেডকে। নেপথ্যে লিওনেল মেসি এবং লুই সুয়ারেজের যুগলবন্দি। দু'জনেই জোড়া গোল করলেন। এদিন ম্যাচের প্রথমার্ধ যদি সুয়ারেজের হয়, দ্বিতীয়ার্ধ মেসির। খেলার শুরুতেই জ্বলে উঠলেন সুয়ারেজ। ম্যাচের বয়স তখন সবে তিন মিনিট। বিপক্ষের বক্সে বল পেয়ে লব করে দেন উরুগুয়ান ফুটবলার। গোলরক্ষকের মাথার ওপর দিয়ে বল জালে। ৩৯ মিনিটে দলের দ্বিতীয় গোলটিও এল সুয়ারেজের পা থেকে। মেসির শট ডিসি গোলরক্ষক রুখে দেন। ফিরতি বল জার্মান বার্তেরেমে হেডে নামিয়ে দিলে সেখান থেকে গোল করেন সুয়ারেজ।

প্রথমার্ধে ২-০ এগিয়ে থাকার সুবাদে বিরতির পর আরও ঝোড়ো মেজাজে খেলা শুরু করে মায়ামি। যার ফল, ৪৭ মিনিটেই চলে এল তৃতীয় গোল। এবার শুরু হল মেসি-ম্যাজিক। সুয়ারেজের অ্যাসিস্ট থেকে লিও ৩-০ করেন। ৬০ মিনিটে চতুর্থ গোলটির সময় পুরনো মেসির ঝলক দেখা গেল। নিজে বল টেনে নিয়ে গিয়ে, বিপক্ষের ফুটবলারদের পায়ের জঙ্গল ভেদ করে গোল করলেন তিনি। এর আগে মেসির আরও একটি শট পোস্টে লেগে না ফিরলে হ্যাটট্রিকও পেয়ে যেতেন তিনি।

আইএসএলে স্বপ্নের শুরু চার্চিলের, জয়ী কেরল

আজকালের প্রতিবেদন

দীর্ঘসময় পর ভারতীয় ফুটবলের সর্বোচ্চ পর্যায়ে ফিরল চার্চিল ব্রাদার্স। সেই প্রত্যাবর্তন স্মরণীয় করে রাখল গোয়ানিজ দলটি। রবিবার আইএসএলে অভিষেক ম্যাচে মুম্বই সিটি এফসিকে ২-১ হারাল তারা। ফতোরদা স্টেডিয়ামে ৫৭ মিনিটে গৌরব বোরার নিখুঁত হেডে এগিয়ে যায় চার্চিল। ৮৬ মিনিটে গোল করে জয় নিশ্চিত করেন কলম্বিয়ান স্ট্রাইকার সেবাস্তিয়ান গুতিয়েরেজ। সংযুক্তি সময়ে পেনাল্টি থেকে সার্জিও লামাস ব্যবধান কমালেও মুম্বই হার বাঁচাতে পারেনি।

এদিন বিকেলের ম্যাচে, ইন্টার কাশীকে ২-০ ব্যবধানে হারিয়ে অভিযান শুরু করেছে কেরালা ব্লাস্টার্স। ১৮ মিনিটে ভিবিন মোহাননের গোলে এগিয়ে যায় কেরল। সংযুক্তি সময়ে দ্বিতীয় গোলটি আন্দ্রে গ্রিনের। গত মরশুমে ফুটবলারদের বেতন বকেয়া থাকায় ক্রমাগত ফিফার ট্রান্সফার রেজিস্ট্রেশন ব্যানের আওতায় পড়ছে কাশী। বকেয়া কিছুটা মেটানোয় প্রতিযোগিতার ঠিক আগে কয়েক ঘণ্টার জন্য সেই ব্যান ওঠে। তখন ২২ জন ভারতীয় ফুটবলার নথিভুক্ত করানো হয়। এরপর ফের ফিফা ব্যানের আওতায় পড়ে কাশী।



বধিরদের এশিয়া-প্যাসিফিক মাল্টি স্পোর্ট চ্যাম্পিয়নশিপে পুরুষদের টেবিল টেনিসের দলগত ফাইনালে পরাজিত ভারত। মালয়েশিয়ার পেনাংয়ে আয়োজিত টুর্নামেন্টে ০-৩ ব্যবধানে চাইনিজ তাইপের কাছে হেরে রুপো নিয়েই সন্তুষ্ট থাকতে হল ভারতকে। ছবিতে রুপোর পদক গলায় ভারতের ছেলেরা। ব্যক্তিগত বিভাগে ভারতীয় প্যাডলাররা পুরুষদের সিঙ্গলস, ডাবলস এবং মিক্সড ডাবলসে শেষ আট পর্যন্ত উঠে তারপর হারলেন।

স্বপ্নকে তাড়া করো: স্মৃতি

আজকালের প্রতিবেদন: ইউনিসেফ ইন্ডিয়ার সঙ্গে যুক্ত হলেন স্মৃতি মানধানা। পাঁচদিন আগেই জাতীয় দলের নেতৃত্বের দায়িত্ব তুলে দেওয়া হয়েছে স্মৃতির হাতে। এবার আরও এক বিরল সম্মান। নারী ও শিশুদের অধিকার রক্ষার লড়াইয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে দেখা যাবে এই মহিলা ক্রিকেটারকে। দুই দশকের বেশি সময় ধরে এই প্রতিষ্ঠানের সঙ্গে জড়িয়ে আছেন শচীন তেন্ডুলকার। স্মৃতির অন্তর্ভুক্তিকে স্বাগত জানিয়ে তিনি লেখেন, 'মাঠের মধ্যে তুমি লক্ষ লক্ষ মানুষের অনুপ্রেরণা। শিশুদের অধিকার রক্ষার লড়াইয়েও তোমাকে আরও সক্রিয় হতে দেখব।' নিজের ছোটবেলার স্মৃতিচারণ করতে গিয়ে স্মৃতি লেখেন, 'এতদূর এগিয়ে আসা খুব সহজ ছিল না। কিন্তু আমি জানতাম, আমি কী চাই। সেই স্বপ্নকেই তাড়া করেছি। অন্য মেয়েরাও উঠে আসুক, নিজের স্বপ্নকে তাড়া করুক।'

উত্তর-মধ্য রেলওয়ে

ওপেন টেন্ডার নোটিস নং: JHSW-M-W-SC-2026-27-07

ই-টেন্ডার নোটিস

ভারতের রাষ্ট্রপতির পক্ষে নিম্নলিখিত কাজের জন্য অভিজ্ঞ বা আগ্রহী ঠিকাদারদের থেকে ই-টেন্ডার আমন্ত্রণ করা হচ্ছে:

কাজের মূল্য: ₹১,৮৪,২১,২৭২.০০/- (১৮% জিএসটি-সহ)

কাজের নাম: জেএইচএসডব্লু-তে ওয়াগনগুলিতে উচ্চ ক্ষমতাসম্পন্ন হাই টেনসাইল সিবিসি-র রেট্রোফিটমেন্ট।

জামানত: ₹৩,৬৮,৪০০/-	কর্ম সম্পাদনের মেয়াদ: ছত্রিশ মাস
অনলাইনে টেন্ডার জমার শেষ তারিখ ও সময়: ০২.১১.২০২৬, বিকেল ৪টে	

টেন্ডার এবং টেন্ডার ফরম্যাট সম্পর্কিত বিস্তারিত তথ্য www.ireps.gov.in ওয়েবসাইটে দেওয়া আছে। 2313/26 (C)

North central railways www.ncr.indianrailways.gov.in @CPRONC

TATA

টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড

রেজিস্টার্ড ঠিকানা: ফ্লোর নং ১১, টাওয়ার 'এ', পেনিনসুলা বিজনেস পার্ক, গণপতরাও কদম মার্গ, লোয়ার পরেল, মুম্বই- ৪০০০১৩

শাখার ঠিকানা: টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড, অবনী সিগনেচার, ৯১/এ/১, পার্ক স্ট্রিট, ব্লক নং ৩০২, ফ্লোর নং ৩, কলকাতা- ৭০০০১৬

স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

[সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৯(১)-সহ পঠনীয় রুল ৮(৬) অধীনে]

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬) ও রুল ৯(১)-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ৩০ দিনের ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত নিম্নোক্ত ঋণগ্রহীতা এবং/সহ-ঋণগ্রহীতা বা তাঁদের আইনি উত্তরাধিকারীগণ/ প্রতিনিধিগণ ('ঋণগ্রহীতাগণ')-এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড (টিসিএইচএফএল)-এর কাছে বন্ধক রাখা নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি, যা টিসিএইচএফএল-এর অনুমোদিত আধিকারিক দখল নিয়েছেন, তা নিম্নোক্ত ঋণগ্রহীতা ও সহ-ঋণগ্রহীতাগণের থেকে নীচে লেখা অনাদায়ী বকেয়া পুনরুদ্ধারের জন্য 'যেখানে যেমন আছে', 'যেভাবে আছে' এবং 'যা কিছু আছে' ভিত্তিতে ১৭.১১.২০২৬ তারিখে বিক্রি করা হবে। সম্পত্তিগুলির সংরক্ষণ মূল্য এবং বায়না জমা (ইএমডি) এখানে নীচে উল্লেখ করা হয়েছে। এতদ্দ্বারা এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, এই বিক্রি স্থগিত রাখা/ বন্ধ করা না-হলে নিম্নবর্ণিত সম্পত্তি ১৭.১১.২০২৬ তারিখে দুপুর ২টোয় ই-নিলামের মাধ্যমে বিক্রি করা হবে। ই-নিলামে অংশগ্রহণের জন্য নির্ধারিত ইএমডি অর্থাঙ্ক বাবদ ডিমান্ড ড্রাফট সমেত দরপ্রস্তাব খামে ভরে মুখবন্ধ অবস্থায় সর্বশেষ ১৬.১১.২০২৬ বিকেল ৫টার মধ্যে টিসিএইচএফএল-এর অনুমোদিত আধিকারিকের কাছে শাখার এই ঠিকানায় জমা দিতে হবে: টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড, অবনী সিগনেচার, ৯১/এ/১, পার্ক স্ট্রিট, ব্লক নং ৩০২, ফ্লোর নং ৩, কলকাতা- ৭০০০১৬।

সুরক্ষিত পরিসম্পদ/ স্থাবর সম্পত্তির বিক্রি 'যেখানে যেমন আছে', 'যেভাবে আছে' এবং 'যা কিছু আছে' ভিত্তিতে আয়োজিত হবে যেগুলির তথ্য এখানে নীচে সংক্ষেপে উল্লেখ করা হয়েছে:

ক্রম নং	লোন অ্যাকাউন্ট নম্বর	ঋণগ্রহীতা(গণ)/ সহ-ঋণগ্রহীতা(গণ)/ আইনি উত্তরাধিকারী(গণ)/ আইনি প্রতিনিধি(গণ)/ জামিনদার(গণ)-এর নাম	দাবি বিজ্ঞপ্তি অনুযায়ী বকেয়া অর্থাঙ্ক	সংরক্ষণ মূল্য / আর্নেস্ট মানি ডিপোজিট (ই.এম.ডি):- / দখলের ধরন:-	নির্ধারিত তারিখের ভিত্তিতে বকেয়া অর্থাঙ্ক
১	10419236	মিঃ সঞ্জয় বণিক মিসেস অনিমা বণিক	₹২৪,৯৩,০৫৭/- এবং ০৩.০৫.২০২১	₹১৯,৯০,০০০/- ₹১,৯৯,০০০/- বাস্তবিক	₹৫৬১৯২৯/- এবং ২৮.০৯.২০২৬

স্থাবর সম্পত্তির বিবরণ: জানা অ্যাপার্টমেন্ট নামে পরিচিত জি+২ তলা ভবনের সম্পূর্ণ দ্বিতীয় তলে অবস্থিত উক্ত সমগ্র আবাসিক ফ্ল্যাট/ইউনিট, যা আর এস দাগ নং- ২২০৬, আর এস খতিয়ান নং- ৫৬৪-এর অধীনে, জে এল নং- এল-১৮, রে. সা. নং- ১৬১, তৌজি নং- ১৭৩, মৌজা- দিগলা, থানা- দমদম, জেলা- উত্তর ২৪ পরগনা-এর অংশ, যা বর্তমানে শরৎ বোস রোড, মিউনিসিপ্যাল হোল্ডিং নং- ৭৬৭ হিসেবে পরিচিত ও চিহ্নিত, মিউনিসিপ্যাল ওয়ার্ড নং- ৫-এর অধীনে, দক্ষিণ দমদম মিউনিসিপ্যালিটির সীমানার মধ্যে, কলকাতা- পশ্চিমবঙ্গ-৭০০০৬৫। সুপার বিল্ট আপ এরিয়ার পরিমাপ ১১২২ স্কোয়ার ফুট, স্বত্ব দলিলে উল্লেখিত সাধারণ সুযোগ-সুবিধা সমেত।

ক্রম নং	লোন অ্যাকাউন্ট নম্বর	ঋণগ্রহীতা(গণ)/ সহ-ঋণগ্রহীতা(গণ)/ আইনি উত্তরাধিকারী(গণ)/ আইনি প্রতিনিধি(গণ)/ জামিনদার(গণ)-এর নাম	দাবি বিজ্ঞপ্তি অনুযায়ী বকেয়া অর্থাঙ্ক	সংরক্ষণ মূল্য / আর্নেস্ট মানি ডিপোজিট (ই.এম.ডি):- / দখলের ধরন:-	নির্ধারিত তারিখের ভিত্তিতে বকেয়া অর্থাঙ্ক
২	9579837 এবং 9662716	মিঃ অরুণাভ ঘোষ (ঋণগ্রহীতা) মিসেস চন্দ্রা ঘোষ মেসার্স অ্যাডমাস ম্যানেজমেন্ট সার্ভিসেস প্রাঃ লিঃ	₹৮৫,৪৪,৯৫৯/- এবং ১৭.০৬.২০২৫	₹৪৯,৬৭,৬০০/- ₹৪,৯৬,৭৬০/- বাস্তবিক	₹১০০৬০০৬৯/- এবং ২৮.০৯.২০২৬

স্থাবর সম্পত্তির বিবরণ: সামান্য কমবেশি ০৬ কাঠা ১০ ছটাক ১৭ বর্গফুট জমির প্লটে নির্মিত বহুতল বিল্ডিংয়ের ফার্স্ট ফ্লোরে দক্ষিণ-পূর্ব অংশে সামান্য কমবেশি ১১২৯ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়াবিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নং ১বি এবং বিল্ডিংয়ের গ্রাউন্ড ফ্লোরে সামান্য কমবেশি ১৩৫ বর্গফুট মাপের কার পার্কিং স্পেস নং ৬ নিয়ে গঠিত স্থাবর সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার অবস্থান: মৌজা- কাশীপুর, ডিভিশন-১, সাব ডিভিশন-৩, তৌজি নং ১২৯৮/২৯৩৩, প্রেমিসেস নং ৩৪এইচ, ব্যারাকপুর ট্রাঙ্ক রোড, কলকাতা-৭০০০০২, কলকাতা পুরনিগমের ১ নং ওয়ার্ড, থানা- কাশীপুর, এডিএসআরও- কাশীপুর দমদম।

দ্রষ্টব্য: বিড জমা দেওয়ার আগে যথাযথ সতর্কতা অবলম্বনের জন্য বিডারদের প্রতি পরামর্শ দেওয়া হচ্ছে। এই নিলাম সংশ্লিষ্ট মামলার (যদি থাকে) রায় সাপেক্ষ হবে।

এই নিলামে অংশ নিতে নিজ নিজ দরপত্র ব্যক্তিগতরূপে জমা দেওয়ার জন্য জনসাধারণের প্রতি আমন্ত্রণ জানানো হচ্ছে। এই বিক্রির সঙ্গে সম্পর্কযুক্ত বা এই বিক্রি সংক্রান্ত কাজের সঙ্গে জড়িত কোনও আধিকারিক বা অন্য কোনও ব্যক্তি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে বিক্রি হতে চলা এই স্থাবর সম্পত্তির কোনও স্বার্থ অধিগ্রহণ করতে পারবেন না।

এই বিক্রি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-তে নির্ধারিত শর্তাবলি সহ নিম্নলিখিত শর্তাবলি সাপেক্ষ হবে:

দ্রষ্টব্য: এই ই-নিলাম https://bankauctions.in পোর্টালের মাধ্যমে ১৭.১১.২০২৬ তারিখে দুপুর ২টো থেকে দুপুর ৩টের মধ্যে প্রতি ক্ষেত্রে ৫ মিনিটের সীমাহীন সম্প্রসারণে আয়োজিত হবে।

শর্ত ও নিয়মাবলি: [১] এই তফসিলে উল্লিখিত বিবরণ নিম্নস্বাক্ষরকারীর সেরা জ্ঞান ও তথ্যানুযায়ী দেওয়া হয়েছে, তবে এই ঘোষণাপত্রে কোনও ত্রুটি, ভুল বিবৃতি বা অনুল্লেখের জন্য নিম্নস্বাক্ষরকারী কোনওভাবেই জবাবদিহি করতে বাধ্য নন। বিডের অর্থাঙ্ক বা বিডার সম্পর্কিত কোনও বিতর্ক দেখা দিলে অনুমোদিত আধিকারিকের সিদ্ধান্ত সাপেক্ষে উক্ত লটের সম্পত্তি পুনরায় নিলাম করা হবে। [২] নির্ধারিত সংরক্ষণ মূল্যের কমে সম্পত্তি বিক্রি করা হবে না। [৩] বিড বাড়ানোর মূল্য হবে ₹১০,০০০.০০ (দশ হাজার টাকা মাত্র)। [৪] সম্পত্তি ক্রয়ের জন্য পেশ করা প্রতিটি বিডের সঙ্গে ওপরে উল্লিখিত বায়না মূল্য (ইএমডি) বাবদ 'TATA CAPITAL HOUSING FINANCE LTD.'-এর অনুকূলে ও ওপরে লেখা শাখার ঠিকানায় প্রদেয়মতে ডিমান্ড ড্রাফট দিতে হবে। নিলামের পরে অসফল বিডারদের ডিমান্ড ড্রাফট ফেরত দেওয়া হবে। এনইএফটি/ আরটিজিএস/ আইএমপিএস-এর মাধ্যমে ইএমডি প্রদানের জন্য অনুগ্রহপূর্বক অনুমোদিত আধিকারিকের সঙ্গে যোগাযোগ করুন। [৫] সর্বাধিক বিডারকে সম্পত্তির ক্রেতা ঘোষণা করা হবে এই শর্তসাপেক্ষে যে তিনি বিড করার জন্য আইনত যোগ্য এবং পাশাপাশি নির্ধারিত সংরক্ষণ মূল্য অপেক্ষা তাঁর তরফে পেশ করা বিডমূল্য কম নয়। প্রস্তাবিত বিক্রয়মূল্য স্পষ্টতই অপর্যাপ্ত মনে হলে এবং এটি গ্রহণ করা অপরামর্শসিদ্ধ হলে সর্বাধিক দরপ্রস্তাব বাতিলের অধিকার অনুমোদিত আধিকারিকের থাকবে। [৬] নথিভুক্ত কোনও কারণে অনুমোদিত আধিকারিক এই বিক্রি স্থগিত/ বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়ার অধিকারী। [৭] আগাম যোগাযোগের পরে ০৫.১১.২০২৬ তারিখে সকাল ১১টা থেকে বিকেল ৫টার মধ্যে সম্পত্তি পরিদর্শন করা যাবে। [৮] কোনও ব্যক্তিকে সফল ক্রেতা ঘোষণার তিনি সঙ্গে সঙ্গে বা ২৪ ঘণ্টার মধ্যে অনুমোদিত আধিকারিকের কাছে ক্রয়মূল্যের পঁচিশ শতাংশ অর্থমূল্য জমা দেবেন এবং এরূপে অর্থ প্রদানে তিনি ব্যর্থ হলে সম্পত্তি পুনরায় নিলামের/ব্যক্তিগত চুক্তির মাধ্যমে বিক্রি করা হবে। [৯] উপরোক্তমতো প্রাথমিক অর্থাঙ্ক জমা দেওয়া হলে, ক্রয়মূল্যের বাকি অর্থাঙ্ক সফল ক্রেতা সম্পত্তির বিক্রি নিশ্চিতকরণের তারিখ থেকে ১৫তম দিনের মধ্যে (বিক্রির তারিখ বাদ দিয়ে এবং উক্ত ১৫তম দিনটি রবিবার বা কোনও ছুটির দিন হলে ১৫তম দিনের পরবর্তী অফিস চলার দিনে) অনুমোদিত আধিকারিকের কাছে জমা দেবেন। [১০] ওপরে লেখা নির্ধারিত সময়সীমার মধ্যে অর্থমূল্য প্রদানে ব্যর্থ হলে নতুন বিক্রির ঘোষণাপত্র জারির পরে/ ব্যক্তিগত চুক্তির মাধ্যমে সম্পত্তিটি পুনরায় বিক্রি করা হবে এবং খেলাপকারী ক্রেতা দ্বারা সেই তারিখ অবধি জমাকৃত যাবতীয় অর্থাঙ্ক টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড দ্বারা বাজেয়াপ্ত করা হবে এবং খেলাপকারী ক্রেতা উক্ত সম্পত্তি বা পরবর্তীতে যে অর্থমূল্যের বিনিময়ে সম্পত্তিটি বিক্রি হবে, তার ওপর সমস্ত দাবি হারাবেন। [১১] টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড অবগত আছে, উক্ত সম্পত্তির ওপর এমন কোনও দায়ের বিশদ তথ্য: ওপরের টেবিলে উল্লেখ মতো। আগ্রহী বিডারদের প্রতি এই পরামর্শ দেওয়া হচ্ছে যাতে তাঁরা বিধিবদ্ধ বকেয়া, বকেয়া সম্পত্তি কর, বকেয়া বিদ্যুৎ বি